



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

Website: www.bb.org.bd

ডিএফআইএম সার্কুলার লেটার নং-৪২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল ফাইন্যান্স কোম্পানি।

প্রিয় মহোদয়,

১১ পৌষ ১৪৩১

তারিখ: _____

২৬ ডিসেম্বর ২০২৪

ফাইন্যান্স কোম্পানিসমূহে সরাসরি নিয়োগের ক্ষেত্রে কর্মকর্তা/কর্মচারীদের সর্বোচ্চ বয়সসীমা নির্ধারণ প্রসঙ্গে।

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত ১৮ নভেম্বর ২০২৪ তারিখের অধ্যাদেশ নং ১১, ২০২৪ এর মাধ্যমে সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত, সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষ, পাবলিক নন-ফাইন্যান্সিয়াল কর্পোরেশনসহ স্ব-শাসিত সংস্থাসমূহে সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩০(ত্রিশ) বছরের পরিবর্তে ৩২(বত্রিশ) বছর নির্ধারণ করা হয়েছে।

- ২। এক্ষণে উক্ত অধ্যাদেশের সাথে সামঞ্জস্য রেখে ফাইন্যান্স কোম্পানিসমূহে সরাসরি নিয়োগের ক্ষেত্রে কর্মকর্তা/কর্মচারীদের সর্বোচ্চ বয়সসীমা ৩০(ত্রিশ) বছরের পরিবর্তে ৩২(বত্রিশ) বছর নির্ধারণ করার জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো।
- ৩। ডিএফআইএম সার্কুলার নং-০৪, তারিখ: ২৭ জুন, ২০১৩ এর মাধ্যমে প্রদত্ত নির্দেশনা এতদ্বারা রহিত করা হলো। তবে উক্ত নির্দেশনার আলোকে ইতঃপূর্বে গৃহীত কার্যক্রম বৈধ হিসেবে গণ্য হবে।
- ৪। ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ৪১(২)(ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(রনজিৎ কুমার রায়)

অতিরিক্ত পরিচালক

ফোন: ৯৫৩০২৪৯।